

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

হাসপাতাল ও ক্লিনিক শাখা

কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট

মহাখালী, ঢাকা-১২১২।

Memo No – MOHFW/DGHS/Hosp.Clinic/QIS/WS-Semi-Train/785/2019/050

তারিখ : ১৯/১১/২০১৯

বিষয়: কমিউনিটি পার্টিসিপেশন কার্যক্রম সম্প্রসারণ বিষয়ক।

জেলা পর্যায়ের হাসপাতালের মান সম্মত চিকিৎসা কার্যক্রম পরিচালনা ও সামাজিক জৰাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সংশ্লিষ্টতা বৃদ্ধি এবং হাসপাতাল পরিচালনায় আর্থিক ও অন্যান্য বাধাসমূহ দূরীকরণে সহায়তার জন্য তারিখ, ০৫/১০/২০১৬, স্মারক: স্বাপকম/হেলথ-ইকন/HF-Pilot/৫৫৮/২০১১/অংশ-১/২০১২/৭০১ অফিস আদেশের মাধ্যমে পাইলটিং হিসাবে ১১টি জেলায় (চাঁদপুর, নড়াইল, করুণাজার, খাগড়াছড়ি, চুয়াডাঙ্গা, নাটোর জয়পুরহাট, লক্ষ্মীপুর, কুড়িগ্রাম, সিরাজগঞ্জ, ঝিনাইদহ) “চিকিৎসা ব্যবস্থাপনা কমিউনিটি সাপোর্ট (Community Support) কমিটি” গঠনের ধারাবাহিকতায় পরবর্তী ১০টি জেলায় (হবিগঞ্জ, ব্রাহ্মগঞ্জাড়িয়া, মানিকগঞ্জ, কুষ্টিয়া, ফরিদপুর, মাদারীপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, নোয়াখালী) হাসপাতালের মানসম্মত স্বাস্থ্যসেবা প্রদান ও সামাজিক জৰাবদিহিতা নিশ্চিতকরণের নিমিত্তে উপরোক্ত কমিটি গঠন ও কার্যকর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বর্ণিত জেলা সমূহ স্বাস্থ্য অধিদপ্তরের QIS এর বাস্তবায়ন সহযোগী অংশীদার হিসাবে ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় সেভ দ্য চিল্ড্রেন ও তার সহযোগী সংস্থাসমূহ আর্থিক এবং কারিগরি সহায়তা প্রদান করবে।

কমিটির কাঠামো

১. পৌরসভার মেয়ের	চেয়ারপারসন
২. সদর আসনের মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি	সদস্য
৩. জেলা পরিষদের সদস্য (সংশ্লিষ্ট ওয়ার্ড)	সদস্য
৪. জেলা প্রশাসক এর প্রতিনিধি	সদস্য
৫. পুলিশ সুপার এর প্রতিনিধি	সদস্য
৬. সিভিল সার্জন এর প্রতিনিধি	সদস্য
৭. বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন এর প্রতিনিধি	সদস্য
৮. আবাসিক মেডিকেল অফিসার	সদস্য
৯. বার কাউন্সিল এর প্রতিনিধি	সদস্য
১০. প্রেস ফ্লাব এর প্রতিনিধি	সদস্য
১১. জেলা সমাজ কল্যাণ অফিসার	সদস্য
১২. এনজিও এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
১৩. সুশীল সমাজ এর প্রতিনিধি	সদস্য
১৪. তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল	সদস্য সচিব
১৫. সিভিল সার্জন	সম্মত্যক

কমিটির কার্যপরিধি:

- হাসপাতালের মান সম্মত দেবা কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ করে চিকিৎসার পরিবেশ রক্ষা, পরিষ্কার পরিচ্ছন্নতা, শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম পরিচালনা ও পরিচালনায় হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- সরকারি বরাদ্দ ও সম্পদের সর্বোত্তম ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণে হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- চিকিৎসা সেবার চাহিদা পূরণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারি বরাদ্দের পাশাপাশি স্থানীয় দাতা ও হিতৈষী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট করা এবং তাদের সহায়তায় একটি কমিউনিটি সাপোর্ট তহবিল গঠন এবং এ বিষয়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তহবিল পরিচালনা।
- চিকিৎসা সেবার চাহিদা পূরণে সমস্যা চিহ্নিত করা এবং স্থানীয়ভাবে সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ।
- হাসপাতালে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের দেবা প্রদান কাজে উৎসাহ প্রদান এবং দায়িত্বপালনে গঠনমূলক পরামর্শ প্রদান।

১৯/১১/২০১৯
(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ) এবং
ফোকাল পার্সন, কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

ফোন: ০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্স: ৫৫০৬৭১৫০

ইমেইল: directorhospital@id.dghs.gov.bd

বিতরণ: (প্রয়োজনীয় ব্যবস্থাপনা হাতে জন্য)

- হাসপাতাল তত্ত্বাবধায়ক, হবিগঞ্জ/ ব্রাহ্মগঞ্জাড়িয়া/ মানিকগঞ্জ/ কুষ্টিয়া/ ফরিদপুর/ মাদারীপুর/ চাঁদপুর/ লক্ষ্মীপুর/ ফেনী/ নোয়াখালী
- সিভিল সার্জন, হবিগঞ্জ/ ব্রাহ্মগঞ্জাড়িয়া/ মানিকগঞ্জ/ কুষ্টিয়া/ ফরিদপুর/ মাদারীপুর/ চাঁদপুর/ লক্ষ্মীপুর/ ফেনী/ নোয়াখালী

৩. চিফ অফ পার্টি, ইউএসএআইডি'র 'মামনি' মাত্ৰ ও নবজাতক স্বাস্থ্যসেবা উন্নয়ন প্রকল্প

অনুলিপি সদয় অবগতির জন্য:

- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (দৃষ্টি আকর্ষণ, উপপরিচালক সমন্বয়, স্বাস্থ্য অধিদপ্তর)
- পরিচালক স্বাস্থ্য, ঢাকা / চুট্টিগ্রাম / সিলেট খুলনা বিভাগ
- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ----- উপজেলা, সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা সমূহ